"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ,সিলেট

**মার্চ / ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩৬ তম সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব নাজিরা বেগম,প্যানেল চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
সভার তারিখ ও সময় ঃ ২৪ মার্চ ২০২২ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব নাজিরা বেগম উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলী ঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১২.২০-৩৭ তারিখঃ ১৩-০১-২০২২ইং মারফত স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে অনুমোদন প্রাপ্ত উপজেলা পরিষদের আবাসিক ভবন সুরমা ও নিলিমা এবং ডরমেটরী ভবন সহ উপজেলা পরিষদের ৩৩ তম সভায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি/রাজস্ব) দ্বারা বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত ৩৬টি প্রকল্পের মধ্যে ১৮টি প্রকল্পের জন্য গত ২১ মার্চ ২০২২ইং তারিখে দরপত্র গ্রহণ করা হয়েছে। সকল ঠিকাদারী প্রতিষ্ঠান একই দরে (৫% নিম্নদর) দরপত্র দাখিল করায় আগামী ২৮ মার্চ ২০২২ইং তারিখ লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হবে এবং জুন ২০২২ইং তারিখের মধ্যে প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, বাংলাদেশ সরকার ও জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগের অধীনে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে গোলাপগঞ্জ উপজেলায় ভ্যাট-ট্যাক্স ব্যতীত ৪০,০০,০০০.০০ টাকার বিভিন্ন অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা চাওয়া হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন কমিটি, ইউডিসিসি ইত্যাদি হতে ৫(পাঁচ)টি অবকাঠামো উন্নয়ন উপ- প্রকল্প প্রস্তাবনা উপজেলা প্রকল্প নির্বাচন কমিটিতে (পিএসসি) প্রেরণ করে। পিএসসি কর্তৃক প্রকল্পগুলো যাচাই বাছাই করে ০১ (এক) টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প নির্বাচন করে। অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন করা প্রয়োজন। অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পটির নাম ও বরাদ্দঃ **লিটল স্টার স্কুল ফর স্পেশাল চাইল্ড এর ভবন নির্মাণ, বরাদ্দঃ ৪৪,৬৭,৮৮৭.০০ (চুয়াল্লিশ লক্ষ সাতষট্টি হাজার আটশত সাতাশি) টাকা।** | উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রকল্প সমূহের কাজ আগামী জুন ২০২২ইং তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য পরিষদ অনুরোধ জানান এছাড়াও UGDP প্রকল্পের আওতায় ভ্যাট-ট্যাক্স সহ৪৪,৬৭,৮৮৭.০০ (চুয়াল্লিশ লক্ষ সাতষট্টি হাজার আটশত সাতাশি) টাকার লিটল স্টার স্কুল ফর স্পেশাল চাইল্ড এর ভবন নির্মাণ উপ-প্রকল্পটি সভায়সর্ব্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উপ-প্রকল্পটি প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪ শহীদ মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, গোলাপগঞ্জকে এ বিষয়ে প্রয়োজনীয় সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয় এবং সেই সঙ্গে প্রকল্প কর্মকর্তাকে(ইউডিএফ) সার্বক্ষণিক তৎপর থেকে সহায়তা করার জন্য অনুরোধ করা হয়। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ২৩/০৩/২০২২ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৫০৭২ জন, মোট আক্রান্ত ঃ ১১২৬ জন, মোট সুস্থ ১১২৬ জন, মোট মৃত্যু ১৯ জন, বর্তমানে আইসোলেশন নাই, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা প্রদান : ১,২৬,১৩৫ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ১০৫৭৮৬ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৭২২০ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৭২২০ জন। Astrazeneca বুষ্টারঃ ৮৮৭ জন। ১ম ডোজ ফাইজার টিকা প্রদান : ৪০৯৩০ জন । ২য় ডোজ ফাইজার টিকা প্রদান : ৩১৭৯৩ জন। ফাইজার বুষ্টার প্রদান : ৭৯৪ জন। ১ম ডোজ মর্ডানা টিকা প্রদান ২০০০ জন ও ২য় ডোজ মর্ডানা টিকা প্রদান ৪৪ জন। মর্ডানা বুষ্টার ৬১২২ জন। ১ম ডোজ সিনোভেক টিকা প্রদান ৯২৭৭৩ জন। ২য় ডোজ সিনোভেক টিকা প্রদান ৫০৭৬৭ জন। মোট ১ম ডোজ টিকা প্রদান ২৬৯০৫৮=৭২.০২%। মোট ২য় ডোজ টিকা প্রদান ১৯৫৬১০=৫২.৩৮%। | কোভিড টিকা কমিটির সভা ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আয়োজন সহ বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল |
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ফেব্রুয়ারী / ২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৯,৩৭০ জন, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,৫৬৯ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৮.১২%, গর্ভকালীন সেবা ৭৪২ জন, প্রসব সেবা (এফডব্লিউসি) ৫৮ জন, গর্ভোত্তর সেবা ২৩৯ জন, শিশু সেবা ৭৩২ জন, সাধারন রোগী ২৯৫৫ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ২৩৪ জন, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৮৯ জন, সর্বমোট গর্ভবতী ১৮০৭ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৩৯৫ জন ছিল। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | জন্মগ্রহনকৃত শিশু ও মৃত শিশুদের নিবন্ধন নিশ্চিতের জন্য সকল ইউনিয়ন পরিষদকে অবহিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো আবাদ চলমান বর্তমানে ধানের দোহিক বৃদ্ধি ৭০% ধানের দুধ অবস্থায় আছে ৩০% এপ্রিল/মে মাসে বোরো ধান কর্তন চলবে। ২০২২-২৩ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে আউশ প্রনোদনার বীজ ও সার প্রদান করা হবে। সহায়তা পাবে ১৩৯০ কৃষক পরিবার প্রতি জন পাবে বীজ ২ কেজি ডিএপি সার ২ কেজি এমওপি সার১০ কেজি। খামার যান্ত্রিকীকরনের মাধ্যমে আবেদন অনুমোদনের প্রেক্ষিতে কম্বাইন্ড হারভেস্টার রাইস ট্রান্সপ্লান্টারও থ্রেসার বিতরন হবে এপ্রিল মাসে। | প্রত্যেক কৃষকের হাতে যাতে সুষ্ঠুভাবে সার ও বীজ পৌছে সে দিকে দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৬ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের এপিএ এর আওতায় বিভিন্ন কার্যক্রম চলমান। ৪০ জন চাষীকে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষন এবং ১৬০ জন চাষীকে মাছ চাষ বিষয়ক পরামর্শ সেবা প্রদান করা হয়। এ ছাড়া মৎস্য বিভাগ ১৬১২৬ নামে নতুন মৎস্য কল সেন্টার চালু করেন। মাছ চাষীরা মাছ চাষ বিষয়ক যে কোন সেবা ও পরামর্শ ১৬১২৬ নাম্বারে কল করে জানতে পারবেন। জলমহাল শুকিয়ে সমিতিগুলো যেনো মাছ আহরন বা ধরতে না পারে সেই বিষয়ে সভায় অবহিত করা হয় এবং ইউপিচেয়ারম্যানদের সহযোগীতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা (ভাঃপ্রাঃ) সভায় জানান যে, অত্র দপ্তরের গবাদি পশুর টিকা প্রদান ঃ ১৪৮০টি, পোল্ট্রি টিকা প্রদান ২৯০০০ টি। গবাদি পশুর চিকিৎসা প্রদান ১৭৮০ টি, পোল্ট্রির চিকিৎসা প্রদান ৮৪৩০ টি,পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৩ টি। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্দেশনা অনুযায়ী বিগত ২/৩/২২ খ্রিঃ তারিখ থেকে শ্রেণী কার্যক্রম চালু করা হয়। ছাত্র/ছাত্রীদের শিখন ঘাটতি পূরন করার জন্য প্রধান শিক্ষকদের সমন্বয় সভায় নিদের্শনা দেওয়া হয়েছে। এ ছাড়া প্রতিটি বিদ্যালয়ে ২৫ শে মার্চ ও ২৬ শে মার্চ সরকারি নির্দেশনা অনুযায়ী পালন করার জন্য প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | ছাত্র / ছাত্রীদের সঠিকভাবে শ্রেণী কার্যক্রম চালিয়ে যাওয়া সহ ও বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সমন্বিত উপবৃত্তি কার্যক্রম প্রতিষ্টান পর্যায় থেকে অন্তর্ভুক্ত চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সকল প্রতিষ্টানকে স্বাধীনতা দিবস, ২৫ শে মার্চ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২য় কিস্তির কাজ চলমান আছে। এছাড়া হাওর অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান আছে। | নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকুপ গুলি পানি পানযোগ্য করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সার্বিক যুব কার্যক্রম সুষ্টুভাবে চলছে। চলমান অর্থবছরে ঋণ বিতরন ১০,২৫,০০০/-। ক্রমপুঞ্জিত ঋণ বিতরন ৩,৪০,৩৭০০০/-, ক্রম পুঞ্জিত ঋণ আদায়যোগ্য ৩,০১,১০,৫২০/- ক্রমপুঞ্জিত ঋণ আদায়কৃত ২,৮২,৪৩,০৪৩/-, আদায়ের হার ৯৩.৮০%। | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সমাজ সেবা কার্যালয়ের তৃতীয় কিস্তির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও অন্যান্য ভাতার টাকা আগামী ৭/৪/২২ তারিখে প্রেরনের নির্দেশনা রয়েছে। তাই নির্ভুল ও সঠিক উপকার ভোগীদের মাঝে পেরোল প্রেরনের জন্য সম্মানিত চেয়ারম্যানগণকে দ্রুত ভাতাভোগীর তালিকা যাছাই বাছাই করে আগামী ৬/৪/২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরনের জন্য অনুরোধ করা হলো। ইতোমধ্যে প্রত্যেক ইউপি চেয়ারম্যানের ইমেইলে ওয়ার্ড ভিত্তিক তালিকা প্রেরন করা হয়েছে। তাই দ্রুত মৃত ব্যক্তির নামে নতুন উপকারভোগী প্রতিস্থাপন ও কোন সংশোধনীর প্রয়োজন হলে তা প্রেরনের জন্য অনুরোধ করা হচ্ছে। | সুবিধা ভোগীরা যাতে কোন ধরনের হয়রানির শিকার না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরাধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ঋণ বিতরন ৫৯.০৫ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৪২.৮১ লক্ষ টাকা। বীজ ও চারা বিতরন ও প্রশিক্ষন কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ সমিতি ১৩০ টি, সম্পাদন-১১৫ টি, সম্পাদনের হার ৮৮%। সরকারী রাজস্ব অডিট সেস ধার্য্য ৪০২০০/- এর মধ্যে আদায় হয়েছে ৪০২০০/- আদায়ের হার ১০০%। সমিতি পরিদর্শন করা হয়েছে ০৫ টি। তাছাড়া সমিতির সদস্যদের আর্থসামাজিক অবস্থায় উন্নয়নের জন্য নিয়মিত সঞ্চয় আদায় ও পুষ্টি গঠনের জন্য পরামর্শ দেয়া হচ্ছে। | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, মার্চ মাসের খাদ্য বান্ধব কর্মসূচীর ১০ টাকা দরে চাল কার্ডধারীদের মধ্যে বিতরন সুষ্টভাবে সম্পন্ন হয়েছে। ওএমএস এর চাল বিতরন কার্যক্রম সুষ্টভাবে চলমান আছে। উল্লেখ্য যে, প্রতি ভোক্তা সর্বোচ্চ ৫ কেজি করে চাল ও আটা ক্রয় করতে পারে এবং প্রতি কেজি চালের মূল্য ৩০ টাকা এবং আটা ১৮ টাকা করে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন এবং নির্ধারিত ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৭ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোলাপগঞ্জ জানান যে, শাখায় খেলাপী ঋণ আদায়ের জন্য ক্রাশ প্রোগাম পরিচালিত হচ্ছে। খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে সহযোগীতা করার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দ সহ সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সচেষ্ট থাকবেন | পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/১৮ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৯ | বন বিভাগ | ফরেষ্টার সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন। | উপজেলা বন কর্মকর্তা /ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| বিবিধ | | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক ২৯/০১/২০২২ তারিখের স্মারক নং ২৭.১২.৯১১৯.৫৩৭.৬০০০.০৮.২২.৭২ মূলে উপজেলা পরিষদের ০৫ টি বিদ্যুৎ সংযোগের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ সর্বমোট ১,২০,৬৩৬/- (এক লক্ষ বিশ হাজার ছয়শত ছয়ত্রিশ) টাকার বিল দাখিল করা হয়েছে। প্রাপ্ত বিল পর্যালোচনা করে বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক বকেয়া | |
| ০৩। নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | | কম্পিউটার মেরামত বাবদ জনাব রাজন পালের অনুকূলে ১৯০০/ চেক প্রদান চেক নং০৫২৪৬৮৯তাং১০/০২/২২। জানুয়ারী/২২ মাসের আপ্যয়ন বাবদ আব্দুল কাদিরের অনুকূলে ৩০,০০০/- চেক প্রদান চেক নং ০৫২৪৬৯০ তাং১০/০২/২২। ফাহিমা বেগম, মালীর জানুয়ারী/২২মাসের মজুরী বাবদ ১২১০০/- চেক প্রদান চেক নং০৫২৪৬৯৪ তাং১০/০২/২২। লিটন আহমদ, পরিচ্ছন্নতাকর্মীর জানুয়ারী/২২ মাসের মজুরী বাবদ১২১০০/-চেক প্রদান চেক নং০৫২৪৬৯৫ তাং১০/০২/২২। জানুয়ারী/২২ মাসের আনুসংগিক খরচ বাবদ ৫০০০/- চেক প্রদান চেক নং ০৫২৪৬৯৬ তাং১০/০২/২২। ফেব্রয়ারী/২২মাসে আপ্যয়ন বাবদ জনাব রাহেল আহমদ এর অনুকূলে ৩০,০০০/- চেক প্রদান চেক নং০৫২৪৬৯৮তাং২২/২/২২। জনাব আব্দুল কাদির এর অনুকূলে মহান বিজয় দিবস উদযাপন এর ৫০,০০০/- চেক প্রদান চেক নং০৫২৪৬৯৯তাং২২/২/২২। | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব নাজিরা বেগম গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজিরা বেগম
প্যানেল চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৩০২০ তারিখ ঃ ২৪/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, ---------------------------------- সিলেট।
০৬। উপজেলা ---------------------------- অফিসার, গোলাপগঞ্জ।
০৭। চেয়ারম্যান--------------------------------------- ইউ/পি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/মাস্টার ফাই

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
☎ ০৮২২৭-৫৬০৩১
ইমেইল:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধি বৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৫ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০২ | - | স্বাক্ষরিত |
| ১৬ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা কৃষি কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা প্রকৌশলী,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা শিক্ষা কর্মকর্তা ,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৮ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, গোলাপগঞ্জ | | স্বাক্ষরিত |
| ৩১ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩২ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৪ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৫ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |